# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-১৪. রাসূলুল্লাহ (সা.)-কে ভালোবাসা

নবী করীম (সা.)-কে ভালোবাসাও ঈমানের একটি অংশ। সহীহ আল বুখারী ও সহীহ্ মুসলিমে আনাস (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন,

لَا يُؤْمِنُ أَحَدُكُمْ حَتَّى أَكُونَ أَحَبَّ إِلَيْهِ مِنْ وَلَدِهِ وَوَالِدِهِ وَالنَّاسِ أَجْمَعِينَ

‘তোমাদের কেউই ততক্ষণ পর্যন্ত মুমিন হতে পারবে না, যতক্ষণ আমি তার কাছে তার সন্তান সন্তুতি ও অন্যদের চেয়ে বেশী প্রিয় না হবো।[১]

সহীহ্ আল বুখারী ও সহীহ মুসলিমে আনাস (রাঃ) থেকে বর্ণিত আরেক হাদীসে বলা হয়েছে, রাসূলুল্লাহ্ (সা.) বলেছেন- তিনটি জিনিস যার মধ্যে রয়েছে সে ঈমানের প্রকৃত স্বাদ পেয়েছে। (তার একটি হচ্ছে) যার কাছে আল্লাহ্ ও তাঁর রাসূল (সা.) অন্য সবকিছু থেকে অধিক প্রিয়।

আরেক হাদীসে বলা হয়েছে- ‘এক ব্যক্তি নবী করীম (সা.)-এর কাছে এলেন। বললেন- হে আল্লাহর রাসূল! কিয়ামত কবে হবে? রাসূলুল্লাহ্ (সা.) বললেন, তুমি সেজন্য কী ধরনের প্রস্তুতি গ্রহণ করেছে? লোকটি বললেন, হে আল্লাহর রাসূল! সেজন্য বেশী রোযা কিংবা দান সাদকা আমার প্রস্তুতির মধ্যে নেই। আমি কেবল আল্লাহ্ ও তাঁর রাসূলকে ভালোবাসি। তিনি বললেন, তুমি যাকে ভালোবাস তার সাথেই থাকবে।

## ফুটনোট

[১]. সহীহ্ আল বুখারী, ঈমান অধ্যায়; সহীহ মুসলিম, ঈমান অধ্যায়, (হাদীস-৭৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12312

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন